সংবাদ

তারিখ 06 OCT 2015
পৃষ্ঠা ১৬ কলাম ৪

### চট্টগ্রাম ও রাজশাহীতে

# ২ মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনে মন্ত্রিসভার অনুমোদন

নিজস্ব বার্তা পরিবেশক

চট্টগ্রাম ও রাজশাহীতে দুটি মেডিকেল বিশ্ববিদ্যালয় চালু করতে আইনের খসড়ায় চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে 'চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন ২০১৫' এবং 'রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন ২০১৫' এর খসড়ার এই অনুমোদন দেয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোশাররাফ হোসাইন ভূইঞা সাংবাদিকদের এ তথ্য জানান।

এ দুটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হলে দেশে চিকিৎসা বিষয়ে উচ্চশিক্ষার বিদ্যাপিঠের সংখ্যা হবে তিনটি। ১৯৯৮ সালে ইনস্টিটিউট অফ পোস্ট গ্র্যাজুয়েট মেডিসিন অ্যান্ড রিসার্চকে (পিজি হাসপাতাল) দেশের প্রথম চিকিৎসা বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হয়।

মন্ত্রিপরিষদ সচিব বলেন, পৃথক দুটি আইনের স্থাপনে : পৃষ্ঠা : ২ ক : ৫

## স্থাপনের : অনুমোদন

(১৬ পৃষ্ঠার পর)

মাধ্যমে চট্টগ্রাম ও রাজশাহীতে দুটি নতুন মেডিকেল বিশ্ববিদ্যালয় হবে। রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীভুক্ত মেডিকেল কলেজগুলো দুই মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হবে।

তিনি আরও জানান, 'এটা আগে নীতিগত অনুমোদনের জন্য কেবিনেটে এসেছিল। তখন কেবিনেট কিছু নির্দেশনা দিয়েছিল। সেই নির্দেশনা অনুসারে স্বাস্থ্য মন্ত্রণালয় খসড়াটি সংশোধন করেছে, এরপর ভেটিং নিয়েছে। তারপর আজ চূড়ান্ত অনুমোদন হয়েছে। সাধারণভাবে এখানে স্নাতকোত্তর পর্যায়ের পাঠদান হবে। তবে নার্সিংয়ের বিষয়ে স্নাতক কোর্সও থাকবে। দুই আইন হুবহু একই রকম।' প্রথমে চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার প্রস্তাব থাকলেও পরে মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী পৃথক মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রস্তাব অনুমোদন করা হয়। দেশে বর্তমানে ২৩টি সরকারি মেডিকেল কলেজ রয়েছে। আরও পাঁচটি মেডিকেল কলেজ প্রতিষ্ঠা প্রক্রিয়াধীন রয়েছে।